দৈনিক
জনকণ্ঠ

তারিখ: 18 MAY 2016
পৃষ্ঠা: ২ কলাম: ২

# ঢাকা মেডিক্যালের বার্ন ইউনিট ও জবিতে অগ্নিকান্ড

**স্টাফ রিপোর্টার ॥** রাজধানীর জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও ঢাকা মেডিক্যালের বার্ন ইউনিটে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। ফায়ার সার্ভিসের দমকল কর্মীরা এ দুটি স্থানে আগুন নিয়ন্ত্রণে আনেন। ফায়ার সার্ভিসের সূত্র জানায়, বৈদ্যুতিক শর্টসার্কিট থেকে এ দুটি স্থানে আগুন লাগে। তবে এ ঘটনায় কেউ হতাহত হননি। মঙ্গলবার সংশ্লিষ্ট সূত্রে এ তথ্য জানা গেছে।

স্থানীয় সূত্র জানায়, মঙ্গলবার সকাল ৮টার দিকে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) নতুন

(২ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

## ঢাকা মেডিক্যালের

(প্রথম পৃষ্ঠার পর)

একাডেমিক ভবনে অগ্নিকান্ড ঘটেছে। সাত তলা ওই ভবনের সাত তলায় প্রথম আগুন লাগে। পরে তার ষষ্ঠ ও পঞ্চম তলায় তা ছড়িয়ে পড়ে। খবর পেয়ে ফায়ার সার্ভিসের চারটি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণের চেষ্টা চালায়। ফায়ার সার্ভিস কর্মীরা টানা ৪০ মিনিট চেষ্টা চালিয়ে আগুন নিয়ন্ত্রণে আনেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানান, ওই নতুন ভবনটির সাত তলা থেকে আগুনের সূত্রপাত হয় সদরঘাটের ফায়ার সার্ভিসের ৩টি ইউনিট ৪০ মিনিট চেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে আনেন।

ফায়ার সার্ভিসের উপপরিচালক মোঃ সালেহ জানান, বৈদ্যুতিক শর্টসার্কিট থেকে সেখানে আগুন লেগে থাকতে পারে বলে ধারণা করা হচ্ছে। সকাল সোয়া ৮টার দিকে সাত তলা ভবনে আগুন লেগে তা ষষ্ঠ ও পঞ্চম তলায় তা ছড়িয়ে পড়ে। খবর পেয়ে সদরঘাট ও গুলিস্তান থেকে ফায়ার সার্ভিসের চারটি ইউনিট ঘটনাস্থলে গিয়ে প্রায় ৪০ মিনিট পর আগুন নিয়ন্ত্রণে আনেন। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. নূর মোহাম্মদ বলেন, সাত তলার ডিন অফিস থেকে আগুনের সূত্রপাত হয়। তবে আগুন চারদিকে ছড়িয়ে পড়ার আগেই নিয়ন্ত্রণে আনা হয়। ক্ষয়ক্ষতি তেমন হয়নি।

**বার্ন ইউনিটে আগুন ॥** ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটের তৃতীয় তলায় এক চিকিৎসকের তালাবদ্ধ কক্ষে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। পরে আতঙ্কে তৃতীয় তলার রোগীরা ছোটাছুটি শুরু করেন। এ সময় ইয়াসমীন (৩৫) নামে এক নারী অজ্ঞান হয়ে পড়েন। খবর পেয়ে ফায়ার সার্ভিসের ৪টি ইউনিট ঘটনাস্থলে এসে আগুন নিয়ন্ত্রণে আনে।